

**জেএসসিতে বৃত্তি প্রদানে
জালিয়াতির অভিযোগ
আইডিয়াল স্কুলের**

যুগান্তর রিপোর্ট

ডুনিয়ার স্কুল মার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় বৃত্তি প্রদানে জালিয়াতির অভিযোগ করেছে রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজের শিক্ষার্থী-অভিভাবকরা। এ নিয়ে মঙ্গলবার তারা জাতীয় প্রেস ক্লাবের সাধনে মানববন্ধন কর্মসূচি পালন করেন। এতে অভিভাবকরা বলেন, যোগ্যতা বিবেচনা না করে, দায়িত্বহীনতার পরিচয় দিয়েছে বোর্ড কর্তৃপক্ষ। তাদের কাওঞ্জনহীন কাজের ফলে গ্রীষ্মের প্রথম পাবলিক পরীক্ষায় কোমলমতি সন্তানরা বড় একটা ধাক্কা খেল। বোর্ড কর্তৃপক্ষের এর দায় এড়ানোর সুযোগ নেই। অভিভাবকরা দাবি করেন, পিরিয়াল মেম্বে ১০৯৭ রোলধারী শিক্ষার্থীদের বৃত্তির জন্য তালিকাভুক্ত করা হয়েছে। আর তালিকায় ১০৯৮ পিরিয়ালের একজন শিক্ষার্থীকেও বৃত্তির তালিকায় রাখা হয়নি। এ সময় তারা ১০৯৮২৬ থেকে শুরু করে অন্য রোলধারী শিক্ষার্থীদের ফলাফল পুনর্পর্যালয়ের জোর দাবি করেন। এদিকে তাদের অভিযোগ অস্বীকার করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মসিবি)। বৃত্তির দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক (প্রশাসন) ড. জাহাঙ্গীর খেদেন বলেন, সারাদেশের শিক্ষার্থীদের মধ্য থেকে বৃত্তি দেয়ার জন্য বোর্ড নীতিমালা ঘোষণা করেছে। সেই নীতিমালা অনুযায়ী তাদের নাম বৃত্তির তালিকাভুক্ত করা হয়েছে। এখানে জালিয়াতি করার সুযোগ নেই। তিনি বলেন, এটা নির্ধারণ করা হয়েছে উপজেলাভিত্তিক যেখানকার সংখ্যা বিবেচনায় নিয়ে। সে হিসেবেই তাদের নাম তালিকাভুক্ত করা হয়েছে।